নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার
রেজিঃ নং-চ-৫১৩
৮ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯৬
২৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com


জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে জেলা প্রশাসনের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

স্টাফ রিপোর্টার

জাতীয় স্বার্থ, গণতন্ত্র ও মানুষের অধিকার রক্ষায় রাজনৈতিক মতপার্থক্য ভুলে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। ঐতিহাসিক ৭ নভেম্বর 'মহান জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' উপলক্ষ্যে চাঁদপুরে জেলা প্রশাসন, জেলা বিএনপি এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে পৃথক আলোচনা সভা, বর্ণাঢ্য র‍্যালি, সাংস্কৃতিক অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতাসহ নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। শনিবার সকালে চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। প্রধান অতিথির বক্তব্যে এমপি মানিক বলেন, "সঠিক ইতিহাস জনগণের মাঝে তুলে ধরতে হবে; কারণ ইতিহাসের অনেক দিক বিকৃত হলেও গুগল কখনোই ইতিহাস ● ২-এর পাতায় দেখুন


হাজীগঞ্জে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক।

হাজীগঞ্জে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত
১৭ বছর যারা নির্যাতন করেছে, তাদেরকে আর ছাড় নয়
-----ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক এমপি

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর উদ্যোগে ঐতিহাসিক জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে। শনিবার (৭ নভেম্বর) বিকেলে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) আসনের সাবেক সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক। অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত এক বিশাল র‍্যালিতে তিনি যোগ দেন। এর আগে উপজেলা বিএনপির আহ্বায়ক ● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর প্রেস ক্লাবের ব্যবস্থাপনায় সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মশালার সমাপনী ও সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুর প্রেস ক্লাবে দু'দিনব্যাপী সাংবাদিকতা প্রশিক্ষণ সম্পন্ন
চাঁদপুর প্রেস ক্লাব বাংলাদেশের জন্য একটি মডেল
---------শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

নিজস্ব প্রতিবেদক

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উদ্যোগে এবং চাঁদপুর প্রেস ক্লাবের ব্যবস্থাপনায় 'আধুনিক সাংবাদিকতা ও কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব' শীর্ষক প্রেস ক্লাবের ইতিহাসের সর্ববৃহৎ পরিসরে দু'দিনব্যাপী সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মশালা সফলভাবে সম্পন্ন ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ নভেম্বর ২০২৬) বিকেল ৩টায় ● ২-এর পাতায় দেখুন


মতলব উত্তরে নদী ভাঙন পরিদর্শন করছেন পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খন্দকার আজিম আহমেদ।

মতলব উত্তরে নদী ভাঙন রোধ প্রকল্প পরিদর্শন করলেন অতিরিক্ত সচিব

গোলাম নবী খোকন

মতলব উত্তর উপজেলার ১০ নং ফতেপুর পূর্ব ইউনিয়নের সিপাইকান্দি এলাকায় নদী ভাঙন রোধ প্রকল্প পরিদর্শন করেছেন পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খন্দকার আজিম আহমেদ। গতকাল শনিবার (৭ নভেম্বর) দুপুরে তিনি এই ভাঙন রোধ প্রকল্পের চলমান কাজ সরজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে অতিরিক্ত সচিব খন্দকার আজিম আহমেদ ভাঙন কবলিত এলাকার মানুষের সাথে কথা বলেন এবং টেকসই ভাঙন রোধে প্রকল্পের কাজ সুচারুভাবে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন চাঁদপুর পওর (পানি উন্নয়ন বোর্ড) সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুহাম্মদ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে রোগীর মাঝে উন্নত মানের খাবার বিতরণ

শহর প্রতিনিধি

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চাঁদপুরে চিকিৎসাধীন রোগীদের মাঝে উন্নত মানের খাবার বিতরণ করা হয়েছে।
৭ নভেম্বর (শনিবার) দুপুরে চাঁদপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন প্রায় ৫০০ রোগীর মাঝে এই উন্নত মানের খাবার বিতরণ করা হয়।
খাবার বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন চাঁদপুর ২৫০ শয্যা সরকারি জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার ডা. সৈয়দ আহম্মদ কাজল, সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. নুর ই আলম মজুমদার, প্রধান সহকারী কাম হিসাব রক্ষক মো. ফারুকুল ইসলাম এবং ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স খান ইন্টা.-এর স্বত্বাধিকারী পারভেজ ● ২-এর পাতায় দেখুন

৫৫ তম জাতীয় সমবায় দিবস উদযাপনে চাঁদপুরে বর্ণাঢ্য আয়োজন

স্টাফ রিপোর্টার

সারা দেশের মতো চাঁদপুরেও যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে ৫৫তম জাতীয় সমবায় দিবস-২০২৬। রোববার (৮ নভেম্বর) এ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।
এবারের জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- 'করবো সমবায় গড়বো দেশ সবার জন্য বাংলাদেশ'। দিবসটি উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন চাঁদপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চাঁদপুরের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আহমেদ জিয়াউর রহমান, পুলিশ সুপার মো. মিজানুর রহমান এবং সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীন।
অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জেলা সমবায় কর্মকর্তা শাহাব উদ্দীন। জেলা প্রশাসন, জেলা সমবায় কর্মকর্তাগণ ও বিভিন্ন সমবায় ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ থানা পুলিশ বিকাশে ভুল নাম্বারে চলে যাওয়া টাকা উদ্ধার

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ থানা পুলিশের সফল কর্মতৎপরতায় বিকাশে ভুল নাম্বারে চলে যাওয়া ৫০ হাজার টাকা উদ্ধার করে মুল মালিক মোঃ মজিবুর রহমানের হাতে তুলে দিলেন হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোঃ কাওসার আলস ভুইয়া ও এস আই নুব আলম। ঘটনাটি গতকাল ৬ নভেম্বর রাতের।
হাজীগঞ্জ থানা পুলিশ ৭ নভেম্বর শনিবার এক বিবরিতির মাধ্যমে এই তথ্য নিশ্চিত করে বলেন
একটি ভুল, চেহারায় কালো মেঘের ছায়া ও বুকে বিষাদের কষ্ট। অতঃপর একটি জিডি, পুলিশের তৎপরতায় চেহারার কালো মেঘ ও বুকের বিষাদের কষ্ট দূর করে দিল হাজিগঞ্জ থানা পুলিশ।
বিকাশে ভুল হয়ে যাওয়া ৫০হাজার টাকা ঢাকা ভাষানটেক এলাকা হইতে উদ্ধার পূর্বক প্রকৃত মালিক মোঃ মজিব এর নিকট হস্তান্তর করা হয়।

অপরাধ দমনে পুলিশের সর্বাত্মক অভিযান
চাঁদপুরে একরাতে আ'লীগের ৬২ নেতাকর্মী গ্রেফতার

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে অপরাধ দমন, মাদক নিয়ন্ত্রণ ও কিশোর গ্যাংয়ের তৎপরতা প্রতিরোধে জেলা পুলিশের ধারাবাহিক বিশেষ অভিযানে ২৪ ঘণ্টায় ৭৪ জন আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। একই সময়ে পৃথক কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক করা হয়েছে আরও ১৯ জনকে।
অভিযানে ৭৪০ গ্রাম গাঁজা ও ১৬৬ পিস ইয়াবা উদ্ধার করেছে পুলিশ। জেলার একাধিক থানায় পরিচালিত এই সমন্বিত অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ৬২ জন নেতাকর্মী এবং মাদকসংক্রান্ত অপরাধে ১২ জনকে গ্রেপ্তার করা হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের এই ● ২-এর পাতায় দেখুন


ঈশানবালা চরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাইয়ে সরেজমিন পরিদর্শন করছেন বিডা'র চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

সরেজমিন পরিদর্শনে বিডা'র চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ
ঈশানবালা চরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাই

স্টাফ রিপোর্টার

মেঘনা নদীবেষ্টিত চাঁদপুরের হাইমচর উপজেলার দুর্গম ঈশানবালা চর। যোগাযোগ ব্যবস্থার সীমাবদ্ধতা ও শিল্পায়নের অভাবে দীর্ঘদিন ধরে পিছিয়ে রয়েছে এ অঞ্চলের মানুষের জীবনমান। তবে এবার সেই চিত্র বদলে যাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। ঈশানবালা চরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাইয়ে সরেজমিন পরিদর্শন ● ২-এর পাতায় দেখুন


জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চাঁদপুর জেলা বিএনপির আলোচনা সভায় সভাপতির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে চাঁদপুর জেলা বিএনপির আলোচনা সভা
দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়, এমন কোনো কাজ বরদাশত করা হবে না
--------শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে চাঁদপুরে আলোচনা সভা করেছে জেলা বিএনপি। শনিবার (৭ নভেম্বর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের ● ২-এর পাতায় দেখুন


ঐতিহাসিক বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন অধ্যক্ষ প্রফেসর মোঃ মাসুদুর রহমান।

চাঁদপুর সরকারি মহিলা কলেজে
জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

শনিবার (০৭ নভেম্বর) সকাল ১০টায় চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর কর্তৃক ঐতিহাসিক বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সাহিত্য ও সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক ও পদার্থবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর জীবন কানাই সাহা এর সভাপতিত্বে উক্ত বিপ্লব ও সংহতি দিবস-২০২৬ এর অনুষ্ঠানে ● ২-এর পাতায় দেখুন




চাঁদপুরে জামায়াতের রুকন সম্মেলনে বক্তব্য রাখছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ টি এম মাসুম।

চাঁদপুরে জামায়াতের রুকন সম্মেলনে মাওলানা এ টি এম মাসুম
বর্তমান সংবিধানের অধীনে সরকারের ক্ষমতায় থাকার কোন অধিকার নেই

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ টি এম মাসুম বলেন, শপথ অনুষ্ঠান একটি আবেগঘন ও গুরুগুপূর্ণ অনুষ্ঠান। মনের আবেগ দিয়ে শপথ গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। এ সরকারের ৭ মাসের কার্যকলাপে জনগণের মধ্যে উৎকণ্ঠা শুরু হয়েছে। সংস্কারের পক্ষে কর্মশালায় জনগণের মধ্যে উৎফুল্লতা সৃষ্টি হয়েছে।
৭০ ভাগ জনগণ জুলাই সনদ বাস্তবায়নে হ্যাঁ ভোট দিয়েছেন, এ সরকার জুলাই সনদ বাস্তবায়নে শপথ না নিয়ে তারা জনগনের সাথে গাদ্দারী করেছে। তারা শপথ না নিয়ে আওয়ামীলীগের গঠনতন্ত্রে দেশ পরিচালনা করে দেশে অস্থিরতা তৈরী করছে। এ সংবিধানে শেখ হাসিনা প্রধানমন্ত্রী। জেলা আমীরের শপথ গ্রহণ ও জেলা মজলিশে শুরার সদস্য নির্বাচন উপলক্ষে শনিবার (৭ নভেম্বর) সকাল ৮টায় চাঁদপুর আল-আমিন একাডেমি ছাত্রী ক্যাম্পাসে অনুষ্ঠিত রুকন সম্মেলনে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। মাও. এ টি এম মাসুম আরো বলেন, এ ● ২-এর পাতায় দেখুন

আজ শ্রেষ্ঠ সমবায়ী হিসাবে জাতীয় সমবায় পুরস্কার পাচ্ছেন মোঃ জসিম উদ্দীন

স্টাফ রিপোর্টার

২০২৫ সালের শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জাতীয় সমবায় পুরস্কার পাচ্ছেন ফরিদগঞ্জ উপজেলার চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি ও বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সম্পাদক মো. জসিম উদ্দীন। সমবায়



আন্দোলনে বিশেষ অবদান, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন এবং সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার স্বীকৃতিস্বরূপ তাঁকে এ পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে।
আজ ৮ নভেম্বর জাতীয় সমবায় দিবস উপলক্ষে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় রাষ্ট্রপতি ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
৮ নভেম্বর ২০২৬
রোববার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন


চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম. আতিকুর রহমান।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত
৬৯-এর গণঅভ্যুত্থান ছিল বৈষম্য ও বঞ্চনার বিরুদ্ধে মানুষের সম্মিলিত প্রতিবাদ
------উপাচার্য ড. এম. আতিকুর রহমান

স্টাফ রিপোর্টার

পতাকা উত্তোলন ও দোয়া মাহফিলসহ নানা কর্মসূচির মধ্যে দিয়ে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শনিবার (৭ নভেম্বর) সকাল ৭টায় একাডেমিক ভবন চত্বরে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন উপাচার্য অধ্যাপক ড. এম. আতিকুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জাফরাবাদ হাফিজিয়া মাদরাসার ৮৫তম বার্ষিক মাহফিল

শহর প্রতিনিধি

চাঁদপুরের ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান পুরাণবাজার জাফরাবাদ হাফিজিয়া মাদরাসার (জামিয়া আরাবিয়্যাহ কাসিমুল উলূম) ৮৫তম বার্ষিক ওয়াজ মাহফিল ও তা'লীমী জলসা অত্যন্ত ভাবগাম্ভীর্য ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। শনিবার (৭ নভেম্বর ২০২৬) সকাল সাড়ে আটটা থেকে মাদরাসা প্রাঙ্গণে দিনব্যাপী এ মাহফিল অনুষ্ঠিত হয়।
পবিত্র কোরআন তিলাওয়াত, হামদ-না'ত ও প্রারম্ভিক আলোচনার মাধ্যমে শুরু হওয়া এ মাহফিলে দেশের প্রথিতযশা শীর্ষস্থানীয় ওলামায়ে কেরামগণ কোরআন-হাদিসের আলোকে গুরুত্বপূর্ণ বয়ান পেশ করেন। দিনব্যাপী বিভিন্ন অধিবেশনে পর্যায়ক্রমে আদর্শ পরিবার গঠন, ব্যক্তি স্বাধীনতা, কওমী মাদরাসার ঐতিহ্য, মদ-জুয়ার ভয়াবহতা, স্মার্টফোন ও সোস্যাল মিডিয়ার অপব্যবহার, পরিবার পরিকল্পনা এবং পারিবারিক সু-সম্পর্কসহ সমসাময়িক নানা বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। এছাড়া মাহফিলে উপস্থিত মুসল্লীদের অযু-নামাযের বিশেষ প্রশিক্ষণ এবং মৃত্যু ও কাফন-দাফনের মাসায়েল বিষয়ে ধারণা দেওয়া হয়। ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
রোববার ৮ নভেম্বর ২০২৬, ২৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২৭ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

মতলব উত্তরে নিষিদ্ধ আ'লীগের ১২ নেতাকর্মী গ্রেফতার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও সাবেক কাউন্সিলর আল আমিনসহ দলটির বিভিন্ন পর্যায়ের প্রায় ১২জন নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।
শুক্রবার (৬ নভেম্বর) দিনভর উপজেলার ইউনিয়ন ও পৌরসভার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।
শুক্রবার বিকেলে পৌরসভার তালতলী থেকে ছাত্রলীগের সাবেক ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভা

ডিসেম্বরে যদি আপা দেশে আসে আমি রাজনীতি ছেড়ে দিবো

--------ইঞ্জিনিয়ার মমিনুল হক এমপি

শাহরাস্তি প্রতিনিধি

আগামী ডিসেম্বর মাস পর্যন্ত নেতাকর্মীদের রাজপথে সক্রিয় থাকার নির্দেশ দিয়েছেন চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মো. মমিনুল হক। একই সঙ্গে শেখ হাসিনা আগামী ডিসেম্বরে দেশে ফিরলে রাজনীতি ছেড়ে দেয়ার ঘোষণা দিয়ে আলোচনার জন্ম দিয়েছেন তিনি।
৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।
বক্তব্যে নেতাকর্মীদের উদ্দেশে মমিনুল হক বলেন, 'আগামী ডিসেম্বর পর্যন্ত রাস্তা পাহারা দিতে হবে।' তবে কেউ যেন আইন নিজের হাতে তুলে না নেন, সে বিষয়ে সতর্ক করে তিনি বলেন, ৩-এর পাতায় দেখুন



কচুয়ায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়।

কচুয়ায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ?শনিবার (৭ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায়। ?অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ তপু আহমেদ, উপজেলা বিএনপির সমন্বয়ক শাজালাল প্রধান জালাল,সাধারন সম্পাদক মাসুদ এলাহী সুভাষ,সাবেক ছাত্রনেতা নূর মোহাম্মদ কচি। এ সময় বক্তারা জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ঐতিহাসিক তাৎপর্য, দেশের রাজনৈতিক ইতিহাসে দিবসটির গুরুত্ব এবং জাতীয় ঐক্য ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে ট্যালেন্ট হান্ট বৃত্তি পরীক্ষা

শাহরাস্তি প্রতিনিধি

শিক্ষার্থীদের মেধা বিকাশ, সুপ্ত প্রতিভা অন্বেষণ এবং পড়ালেখার প্রতি আগ্রহ বাড়ানোর লক্ষ্যে শাহরাস্তিতে অনুষ্ঠিত হয়েছে ট্যালেন্ট হান্ট বৃত্তি পরীক্ষা। উপজেলার বেরনাইয়া বাজারে অবস্থিত আল-মানার ইসলামিক ইনস্টিটিউটের আয়োজনে অনুষ্ঠিত এ বৃত্তি পরীক্ষায় ২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৪ শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে।
শনিবার (৭ নভেম্বর) উৎসবমুখর পরিবেশে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়। প্রতিযোগিতামূলক এ পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মেধা, যোগ্যতা ও পাঠ্যবিষয়ক জ্ঞান মূল্যায়নের সুযোগ সৃষ্টি হয়।
পরীক্ষা পরিচালনায় দায়িত্ব পালন করেন ট্যালেন্ট হান্ট বৃত্তি পরীক্ষার চেয়ারম্যান মাওলানা আব্দুল কাদের ৩-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে গ্রেফতার হওয়া আ'লীগের ৭ নেতাকর্মী।

ফরিদগঞ্জে আ'লীগের ৭ নেতাকর্মী গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ থানা পুলিশের পৃথক অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের ৭ নেতাকর্মীকে গ্রেফতার করেছে। শুক্রবার (৬ নভেম্বর) রাতে চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমানের বিশেষ নির্দেশনায় এবং ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. এরশাদ উল্ল্যাহর সার্বিক পরিচালনায় থানার এসআই - এএসআইগণ এই সাঁড়াশি অভিযান পরিচালনা করে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে ৭ নেতাকর্মীকে গ্রেফতার করে।
গ্রেফতারকৃতরা হলেন, ফরিদগঞ্জ পৌরসভার সাবেক কাউন্সিলর ও আওয়ামী লীগ নেতা আবুল হাশেম (৬০), ৩-এর পাতায় দেখুন



মতলব দক্ষিণে বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন সহকারী কমিশনার (ভূমি) মুমতাহিনা পৃথুলা।

মতলব দক্ষিণে প্রশাসনের বিপ্লব ও সংহতি দিবস পালিত

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণে প্রশাসনের আয়োজনে ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়। শনিবার (৭ নভেম্বর) সকাল ৯ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এতে সভাপতিত্ব করেন সহকারী কমিশনার (ভূমি) মুমতাহিনা পৃথুলা। উপজেলা যুব উন্নয়ন অফিসার আ ক ম মহসিন উদ্দিনের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মতলব দক্ষিণ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) অখিল চন্দ্র সরকার, মতলব দক্ষিণ উপজেলা বিএনপি'র সভাপতি ও মতলব পৌরসভার সাবেক মেয়র এনামুল ৩-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে আ'লীগ ও যুবলীগের ২ নেতা আটক

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণে ওয়ার্ড আওয়ামী লীগ এবং ইউনিয়ন যুবলীগের ২ নেতাকে আটক করেছে পুলিশ। একজন হচ্ছে মতলব পৌরসভার ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ঘণশ্যাম বিশ্বাস, অপরজন হচ্ছে উপাদী উত্তর ইউনিয়ন যুবলীগের সভাপতি প্রার্থী ছিলেন। আটকের বিষয়টি নিশ্চিত করেছে মতলব দক্ষিণ থানার পুলিশ



মতলবে আটককৃত আওয়ামীলীগের ২ নেতা।

পরিদর্শক (তদন্ত) অখিল চন্দ্র সরকার। থানা সূত্রে জানা গেছে, পুলিশের বিশেষ অভিযানে শুক্রবার রাতে ঘণশ্যাম বিশ্বাসকে পৌরসভার ৩নং ওয়ার্ডের নিজ বাড়ী থেকে এবং বারেক প্রধানকে উপাদী উত্তর ইউনিয়নের নেছার আড়ং বাজার থেকে আটক করে থানায় নিয়ে যায়।
থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) অখিল চন্দ্র সরকার বলেন, ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে এনটিভির 'পিএইচপি কুরআনের আলো'র জেলা অডিশন সম্পন্ন

মতলব উত্তর প্রতিনিধি

দেশের অন্যতম জনপ্রিয় টেলিভিশন চ্যানেল এনটিভিতে প্রচারিত ইসলামিক রিয়েলিটি শো 'পিএইচপি কুরআনের আলো প্রতিভার সন্ধানে'র চাঁদপুর জেলা অডিশন অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে মতলব উত্তর উপজেলার পাঁচগাছিয়া আবু আহমাদ দারুল উলূম মাদ্রাসায় এ জেলা পর্যায়ের বাছাইপর্ব অনুষ্ঠিত হয়।
অডিশনে চাঁদপুর জেলার বিভিন্ন মাদ্রাসা থেকে মোট ২৪ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। তাদের মধ্য থেকে মেধা ও যোগ্যতার ভিত্তিতে ৪ জন প্রতিযোগীকে পরবর্তী চূড়ান্ত বাছাইপর্বের জন্য নির্বাচিত করে ৩-এর পাতায় দেখুন



সাংবাদিক এস এম সোহেলের বাবার কবর জিয়ারত করছেন পৌর বিএনপি নেতৃবৃন্দ।

সাংবাদিক এস এম সোহেলের বাবার কবর জিয়ারত করলেন পৌর বিএনপি নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন চাঁদপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি সাংবাদিক এস এম সোহেলের বাবা ও পৌর ২নং ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মরহুম সফিকুর রহমান তাইনীর কবর জিয়ারত করেছেন চাঁদপুর পৌর বিএনপির নেতৃবৃন্দ।
শুক্রবার (৬ নভেম্বর) জুমার নামাজের পর পুরাণবাজার ২নং ওয়ার্ড পৌর কবরস্থানে মরহুমের কবর জিয়ারত করেন চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট হারুনুর রশীদ। এ সময় তাঁরা মরহুমের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করেন।
কবর জিয়ারতকালে উপস্থিত ছিলেন পৌর ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি মো. আবু তাহের তাছির বেপারী, সাধারণ সম্পাদক মো. দুলাল খান, বাংলাদেশ ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন চাঁদপুর জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট ইয়াছিন ইকরাম, সাবেক সাধারণ সম্পাদক কে এম মাসুদ, প্রতিষ্ঠাতা সদস্য মুহাম্মদ আলমগীর হোসেন ৩-এর পাতায় দেখুন



শাহরাস্তিতে আটককৃত আওয়ামীলীগের ৬ নেতা।

শাহরাস্তিতে আওয়ামীলীগের ৬ নেতা আটক

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে নাশকতার অভিযোগে কর্মকাণ্ড নিষিদ্ধ আওয়ামীলীগ ও যুবলীগের ৬ নেতা কে আটক করেছে শাহরাস্তি থানা পুলিশ। শুক্রবার (৬ নভেম্বর ২০২৬) রাতে নাশকতার অভিযোগে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়েছে।
আটককৃতরা হলেন মেহের দক্ষিণ ইউনিয়ন যুবলীগের সভাপতি আবদুল্লাহ আল মামুন, মেহের দক্ষিণ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো. কামরুল হাসান, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম আহ্বায়ক জাকির হোসেন, আওয়ামীলীগ নেতা রিপন ও মো. জসিম, চিতোষী পূর্ব ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক খোরশেদ আলম। পুলিশ জানায়, দেশের শান্তি শৃঙ্খলা এবং যে কোনো ৩-এর পাতায় দেখুন



হাজীগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় অতিথিবৃন্দ।

হাজীগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে বিপ্লব ও সংহতি দিবস পালিত

হাজীগঞ্জ প্রতিনিধি

ঐতিহাসিক জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে হাজীগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ নভেম্বর) সকালে বিদ্যালয়ের হলরুমে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব ৩-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে দক্ষিণ কাছিয়াড়া অন্তঃ ওয়ার্ড ফুটবল টুর্ণামেন্টের ফাইনালে বিজয়ী দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

ফরিদগঞ্জে দক্ষিণ কাছিয়াড়া অন্তঃ ওয়ার্ড ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণ

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে দক্ষিণ কাছিয়াড়া যুব সমাজের উদ্যোগে আয়োজিত 'দক্ষিণ কাছিয়াড়া অন্তঃ ওয়ার্ড ফুটবল টুর্ণামেন্ট সিজন-৩'-এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
৭ নভেম্বর (শনিবার) বিকেল ৩টায় দক্ষিণ কাছিয়াড়ার খালপাড় সংলগ্ন (টিএনটি অফিসের পেছনের মাঠ) মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ফাইনালে মুখোমুখি হয় টিম ফাইটার্স ও ব্রাদার্স স্কোয়াড। খেলায় ব্রাদার্স স্কোয়াড চ্যাম্পিয়ন এবং টিম ফাইটার্স রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে।
টুর্ণামেন্টের সার্বিক সহযোগিতায় ছিলেন বিশিষ্ট রাজনীতিবিদ ও ফরিদগঞ্জ পৌরসভার সম্ভাব্য মেয়র পদপ্রার্থী ৩-এর পাতায় দেখুন

হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

শহর প্রতিনিধি

ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে চাঁদপুরের হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ মমিনুল হক সরদার।
সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রভাতী শাখার ভারপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক মোঃ আমিনুল হক, আবদুল্লাহ আল মামুন, আব্দুল মান্নান, মুজিবুর রহমান, মোঃ মাহবুবুর রহমান ও ৩-এর পাতায় দেখুন



মতলব উত্তরে জোরপূর্বক জমি দখল ও গাছ কেটে নেয়ার চিত্র।

মতলব উত্তরে জোরপূর্বক জমি দখল ও গাছ কেটে নেয়ার অভিযোগ

দিগন্ত ডেস্ক

মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌরসভার ৭নং ওয়ার্ডের পাঁচগাছিয়া মুন্সি বাড়িতে ওয়ারিশ ও ক্রয়সূত্রে বৈধ মালিকানার জমি জোরপূর্বক দখল এবং গাছ কেটে তছরুপ করার গুরুতর অভিযোগ উঠেছে। গত ৬ নভেম্বর সকালে এই জবরদখল ও গাছ কাটার ঘটনা ঘটে।
ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে চলে আসা জমি সংক্রান্ত বিরোধের জেরে এই ঘটনা ঘটে। অভিযুক্তরা হলেন- আবদুল ওহেদ (৬২), পিতা মৃত এনায়েত আলী মুন্সি, মো. আসলাম মুন্সি (৪০), পিতা মৃত এনায়েত আলী মুন্সি, মিসেস আকলিমা বেগম (৩৫), স্বামী মৃত এনায়েত আলী মুন্সি এবং মো. সাইদুল ইসলাম (২৫), পিতা মৃত কবির মুন্সি।
ভুক্তভোগী পরিবার অভিযোগ করে জানায়, অভিযুক্তরা জোরপূর্বক জমির প্রায় ২০ থেকে ২৫টি গাছ কেটে নিয়ে গেছেন, ৩-এর পাতায় দেখুন

আইনগিরী উচ্চ বিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভা

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (৭ নভেম্বর ২০২৬) সকাল ১১টায় কচুয়ার আইনগিরী উচ্চ বিদ্যালয়ের হলরুমে বিদ্যালয় কর্তৃপক্ষের আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
বিদ্যালয়ের অভিভাবক সদস্য আবুল বাসার মেম্বারের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক মোঃ বিল্লাল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১০নং গোহট উত্তর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক ও বিদ্যালয়ের অভিভাবক সদস্য নাছির উদ্দিন প্রধান।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক জামাল হোসেন, ৭নং ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক ও বিদ্যালয়ের অভিভাবক সদস্য ইমরান হোসেন, বিদ্যালয়ের অভিভাবক সদস্য গাজী ফারুক হোসেন ও আরাফাত ৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটরঃ মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরেটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুনর্বাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্ট্রার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
● এনআইসিইউ ● পিআইসিইউ ● সেন্ট্রাল অক্সিজেন
● মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
● সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
● উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
● ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
● জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
● প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
● ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*,
যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত,
সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক
চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ৮ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

দূষিত বাতাসের কবলে ঢাকা সমন্বিত কার্যক্রম এবং আইনপ্রয়োগ জরুরি

রাজধানী ঢাকার বাতাস দিনে দিনে যেন বিষে পরিণত হচ্ছে। বায়ুমণ্ডলীয় দূষণ অধ্যয়ন কেন্দ্র (ক্যাপস) ও কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সাম্প্রতিক যৌথ গবেষণায় উন্মোচিত বায়ুদূষণের চিত্র কেবল হতাশাজনক নয়; বরং জনস্বাস্থ্যের জরুরি অবস্থার ইঙ্গিত দেয়। উত্তরার খালপাড় এলাকায় অতি ক্ষুদ্র বস্তুকণা পিএম ২.৫-এর উপস্থিতি প্রতি ঘনমিটারে ১৪৪ মাইক্রোগ্রামে গিয়ে ঠেকেছে, যা বাংলাদেশের জাতীয় মানমাত্রার চার গুণের বেশি এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার বার্ষিক সতর্কসীমার চেয়ে প্রায় ২৯ গুণ বেশি। অথচ মাত্র ১০ কিলোমিটার দূরের নিকুঞ্জ এলাকায় এই মাত্রা ৩৫ মাইক্রোগ্রামের নিচে। মাত্র কয়েক কিলোমিটারের ব্যবধানে বায়ুর মানের এই আকাশ-পাতাল ফারাক প্রমাণ করে যে রাজধানী ঢাকার নির্দিষ্ট কিছু এলাকা আজ মানব বসবাসের ন্যূনতম যোগ্যতাই হারিয়ে ফেলেছে।

গবেষণায় বেরিয়ে আসা উদ্বেগজনক বিষয়টি হলো রাজধানীর গণপরিবহন খাতের অভ্যন্তরীণ পরিবেশ। পরীক্ষা করা ১০টি বাসের মধ্যে ৮টিই কাঠামোগত ও পরিবেশগত ফিটনেসে চরম ব্যর্থ হয়ে 'লাল কার্ড' পেয়েছে। অর্থাৎ এগুলো যাত্রী পরিবহনের পুরোপুরি অনুপযোগী।

চাঁদপুরে একরাতে আ'লীগের

বিশেষ তৎপরতা জেলার অপরাধ দমন কার্যক্রমে নতুন করে গুরুত্ব পেয়েছে। শনিবার (৭ নভেম্বর) সকালে এসব তথ্য নিশ্চিত করেন চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) নাদিরা নূর।

এর আগে শুক্রবার (৬ নভেম্বর) জেলার বিভিন্ন থানা এলাকায় এসব অভিযান পরিচালিত হয়। পুলিশ সুপার মো. মিজানুর রহমানের নির্দেশনায় পরিচালিত এসব অভিযানের উদ্দেশ্য ছিল অপরাধে জড়িতদের আইনের আওতায় আনা, মাদকসংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, কিশোর গ্যাংয়ের তৎপরতা প্রতিরোধ এবং জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা।

পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের গ্রেপ্তারে পাঁচটি থানা এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এর মধ্যে চাঁদপুর সদর মডেল থানায় ৩১ জন, মতলব উত্তর থানায় ১২ জন, হাজীগঞ্জ থানায় ৭ জন, ফরিদগঞ্জ থানায় ৬ জন এবং শাহরাস্তি থানায় ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

কিশোর গ্যাংয়ের অপরাধমূলক তৎপরতা প্রতিরোধে জেলার চারটি থানা এলাকায় পৃথক অভিযান পরিচালনা করে পুলিশ। এতে ফরিদগঞ্জ থানায় ৭ জন, চাঁদপুর সদর মডেল থানায় ৪ জন, হাইমচর থানায় ৪ জন এবং হাজীগঞ্জ থানায় ৪ জনসহ মোট ১৯ জনকে আটক করা হয়। পুলিশ জানিয়েছে, আটক কিশোরদের প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে নিজ নিজ পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে।

জেলার বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযান চালিয়ে ১২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় মোট ৭৪০ গ্রাম গাঁজা ও ১৬৬ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

থানাভিত্তিক উদ্ধার করা মাদকের পরিমাণ: ফরিদগঞ্জ: ৫৪০ গ্রাম গাঁজা ও ৫০ পিস ইয়াবা। মতলব দক্ষিণ: ৫০ গ্রাম গাঁজা ও ৩০ পিস ইয়াবা। শাহরাস্তি: ১৫০ গ্রাম গাঁজা ও ২৬ পিস ইয়াবা। হাইমচর: ২ পিস ইয়াবা। মতলব উত্তর: ৭ পিস ইয়াবা। হাজীগঞ্জ: ৫১ পিস ইয়াবা। হাজীগঞ্জে ইয়াবা উদ্ধারের ঘটনায় সংশ্লিষ্ট আসামি পালিয়ে গেছে বলে জানিয়েছে পুলিশ।

অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) নাদিয়া নূর জানান, কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক কিশোরদের যাচাই-বাছাই শেষে পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে। গ্রেপ্তার অন্য আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জেলার অপরাধ দমন, মাদক নিয়ন্ত্রণ এবং সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানান এই কর্মকর্তা।

বর্তমান সংবিধানের অধীনে

সংবিধান থাকলে এ সরকার ক্ষমতায় থাকার কোন অধিকার নেই। তারা ঘোষণা দিয়ে চাঁদাবাজিকে বৈধতা দিয়েছে। তারা পূর্বের সরকারকে হার মানিয়ে জনগণের কাছ থেকে দ্বিগুন তিনগুন চাঁদা আদায় করছে। সরকার জনগণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি করে ক্রয় ক্ষমতার উর্ধ্বে নিয়ে গিয়ে জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। তাদের ৭ মাসের শাসনামলে রাষ্ট্রে খুন রাহাজানি বৃদ্ধি পেয়েছে।

সরকার বিচার বিভাগকে দলীয়করণ করে ৯০ ভাগ মুসলমানের এদেশে ইসলামের উপর আঘাত হানছে। তারা কোনো শরীয়া আইন মানে না। ইসলামের বিরুদ্ধে তারা ষড়যন্ত্র শুরু করেছে। নির্বাচন কমিশনার তাদের দলীয় এজেন্ডা বাস্তবায়ন করছে। এ সরকারের অধীনে কোনো নির্বাচন সুষ্ঠু হওয়ার সম্ভাবনা নেই। ইতোমধ্যে ৪ শতাধিক কলকারখানা বন্ধ হয়ে গেছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

জেলা জামায়াতের সেক্রেটারি এডভোকেট মোঃ শাহজাহান মিয়ার পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিশে শুরা ও কুমিল্লা অঞ্চল টিম সদস্য আব্দুস সাত্তার।

অনুষ্ঠানের শুরুতে দারসুল কুরআন পেশ করেন হাজীগঞ্জ কামিল মাদরাসার প্রধান মুহাদ্দিস আবু নসর আশ্রাফি।

সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির এড. মাসুদুল ইসলাম বুলবুল, সহকারী সেক্রেটারি ডা. আব্দুল মবিন, জাহাঙ্গীর আলম প্রধান, মাওঃ আবুল হোসাইন, হারুনুর রশিদ।

চাঁদপুরে যথাযোগ্য মর্যাদায়

বিকৃত করতে পারে না। ৭ নভেম্বর বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দিন। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও আবু তাহেরের নেতৃত্ব এবং সিপাহী-জনতার ঐতিহাসিক ভূমিকা না থাকলে আজকের এই স্বাধীনভাবে কথা বলার সুযোগ এবং এই জাতীয়তাবাদী দল বাংলাদেশ গঠিত হতো না।" তিনি নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও ৭ নভেম্বরের ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরার আহ্বান জানান।

অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিকের সঞ্চালনায় সভায় মুখ্য আলোচক হিসেবে বক্তব্য দেন চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. আতিকুর রহমান। সভায় জেলা ও পুলিশ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা, সিভিল সার্জন, বীর মুক্তিযোদ্ধা এবং প্রেস ক্লাবের প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

দিবসটি উপলক্ষ্যে বিকেলে জেলা বিএনপির উদ্যোগে একটি বর্ণাঢ্য র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির কার্যালয়ের সামনে অনুষ্ঠিত র‌্যালিপূর্বক আলোচনা সভায় সভাপতিত্ব ও প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সভাপতি ও সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। দলীয় নেতৃবৃন্দের পরিচালনায় আলোচনা সভা শেষে কার্যালয়ের সামনে থেকে একটি বিশাল র‌্যালি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এতে বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মী অংশ নেন।

এদিকে দিবসটি উপলক্ষ্যে চাঁদপুরের বিভিন্ন স্কুল, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় আলোচনা সভা ও বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। নতুন প্রজন্মের কাছে এই দিনের ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর অংশ হিসেবে এমপি মানিকের বাসভবন 'মুনিরা ভবনে' সাত দিনব্যাপী আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় দিবসটি উপলক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতায় অংশ নেওয়া ৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি শেখ ফরিদ আহম্মেদ মানিক।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এমপি মানিক বলেন, "বিগত ১৭ বছর ধরে যারা ফ্যাসিবাদকে লালন-পালন করেছেন, তাদের রক্তের বিনিময়ে আমরা এই দেশকে ফ্যাসিবাদমুক্ত করেছি। এখন থেকে ফ্যাসিবাদী বা চাঁদাবাজদের যেখানেই দেখা যাবে, তাদের ধরে সরাসরি পুলিশের হাতে তুলে দিতে হবে। চাঁদপুর জেলা বিএনপির পক্ষ থেকে চাঁদাবাজ ও সন্ত্রাসীদের আজীবনের জন্য বহিষ্কার করা হবে।" তিনি নেতাকর্মীদের সাধারণ মানুষের দোরগোড়ায় গিয়ে তাদের সেবা করার ও সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানগুলোতে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের সর্বস্তরের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সন্ধ্যায় দিবসটি উপলক্ষ্যে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির যৌথ আয়োজনে শিল্পকলা একাডেমি মিলনায়তনে 'প্রিয় মৃত্তিকা, প্রিয় জন্মভূমি, প্রিয়তম স্বদেশ' শীর্ষক এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঈশানবালা চরে অর্থনৈতিক

করেছেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

শনিবার (৭ নভেম্বর) সকালে তাঁর নেতৃত্বে পরিদর্শনকালে চরটির ভৌগোলিক অবস্থান, জমির প্রাপ্যতা, যোগাযোগব্যবস্থা এবং শিল্পকারখানা স্থাপনের সম্ভাব্যতা পর্যালোচনা করা হয়। এ উদ্যোগ বাস্তবায়িত হলে নতুন বিনিয়োগ, শিল্পায়ন ও ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে বলে আশা করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। স্থানীয় বাসিন্দাদের প্রত্যাশা, ঈশানবালায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠিত হলে শুধু শিল্পকারখানাই গড়ে উঠবে না, বদলে যাবে পুরো চরাঞ্চলের আর্থসামাজিক বাস্তবতা। কর্মসংস্থানের সুযোগ তৈরি হলে স্থানীয় মানুষের জীবিকার জন্য অন্যত্র ছুটে যাওয়ার প্রবণতাও কমতে পারে।

নীলকমল ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মনির হোসেন বলেন, এখানে শিল্পায়ন গড়ে উঠলে মানুষের জীবনযাত্রার মান বদলে যাবে। দীর্ঘদিন ধরে পিছিয়ে থাকা এই এলাকার মানুষের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। আমরা চাই, এই উদ্যোগ বাস্তবে রূপ নিক।

পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম সহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ।

তবে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাইয়ের এই উদ্যোগ এখনই বাস্তবায়নের নিশ্চয়তা দিচ্ছে না। জমির উপযোগিতা, যোগাযোগ অবকাঠামো, বিনিয়োগের পরিবেশ ও অন্যান্য কারিগরি বিষয় পর্যালোচনার পরই এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত আসবে। সেই সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছেন ঈশানবালা চরসহ আশপাশের এলাকার মানুষ।

বিডা চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন বলেন, ঈশানবালা চরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাই করতে আমরা সরেজমিনে এসেছি। এখানকার ভৌগোলিক অবস্থান, জমির প্রাপ্যতা, যোগাযোগব্যবস্থা ও শিল্পকারখানা স্থাপনের উপযোগিতা পর্যালোচনা করা হচ্ছে। সবকিছু বিবেচনায় নিয়ে সম্ভাব্যতা যাচাই শেষে পরবর্তী পদক্ষেপ নির্ধারণ করা হবে। আমাদের লক্ষ্য হলো বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি এবং কর্মসংস্থানের সুযোগ বাড়ানো।

অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাইয়ে সংশ্লিষ্ট বিষয়গুলো সরেজমিনে পর্যালোচনা করা হচ্ছে বলে জানান তিনি।

চাঁদপুর-৩ আসনের সাংসদ শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, হাইমচরের ঈশানবালা চর অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য সম্ভাবনাময় একটি এলাকা। এখানে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা সম্ভব হলে চাঁদপুরসহ আশপাশের অঞ্চলে শিল্পায়নের নতুন দ্বার উন্মোচিত হবে। বিপুল মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে, স্থানীয় অর্থনীতি শক্তিশালী হবে এবং দীর্ঘদিনের অবহেলিত চরাঞ্চলের মানুষের জীবনমানের পরিবর্তন ঘটবে। আমরা এ উদ্যোগ বাস্তবায়নে আশাবাদী।

তাঁর মতে, এ অঞ্চলে শিল্পায়নের উদ্যোগ বাস্তবায়িত হলে স্থানীয় অর্থনীতি ও কর্মসংস্থানে ইতিবাচক পরিবর্তন আসবে।

৬৯-এর গণঅভ্যুত্থান ছিল

করেন আইসিটি বিভাগের চেয়ারম্যান নাজিম উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ আল-মামুন সহ বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।

পতাকা উত্তোলন শেষে প্রশাসন ভবনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপাচার্য অধ্যাপক ড. এম. আতিকুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনে আমি মহান স্বাধীনতার ঘোষক নতুন বাংলাদেশ নির্মাণের অন্যতম স্বপ্নদ্রষ্টা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

'৭ নভেম্বর বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দিন। এ দিনটির ঐতিহাসিক প্রেক্ষাপট বুঝতে হলে আমাদের ফিরে তাকাতে হবে ৬৯-এর গণঅভ্যুত্থান, মহান মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক ঘটনাপ্রবাহের দিকে। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান ছিল তৎকালীন শাসন, শোষণ, বৈষম্য ও বঞ্চনার বিরুদ্ধে এ দেশের মানুষের সম্মিলিত প্রতিবাদের এক ঐতিহাসিক অধ্যায়। এ আন্দোলন বাঙালির স্বাধিকার ও স্বাধীনতার আকাঙ্ক্ষাকে আরও শক্তিশালী করেছিল। ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনীর বর্বর আক্রমণের পর মেজর জিয়াউর রহমানের বিদ্রোহ ঘোষণা এবং কালুরঘাট বেতার কেন্দ্র থেকে স্বাধীনতার ঘোষণা পাঠ, মহান মুক্তিযুদ্ধের ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা।

অনুষ্ঠানে আইসিটি বিভাগের চেয়ারম্যান নাজিম উদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ আল-মামুন, আরো বক্তব্য রাখেন আইসিটি বিভাগের শিক্ষক আবু রোমান রিফাত, বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীসহ প্রমুখ।

আজ শ্রেষ্ঠ সমবায়ী হিসাবে

মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর হাত থেকে তিনি এ পুরস্কার গ্রহণ করবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, মো. জসিম উদ্দীন এর আগেও ২০০৮ সালে শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জাতীয় সমবায় পুরস্কার অর্জন করেন। দীর্ঘ দুই দশকেরও বেশি সময় ধরে তিনি সমবায় আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত থেকে বেকার যুবকদের কর্মসংস্থান, উদ্যোক্তা তৈরি, দারিদ্র্য বিমোচন এবং সমবায়ভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণে কাজ করে যাচ্ছেন।

২০০১ সালে প্রতিষ্ঠিত চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি হিসেবে তিনি সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছেন। তাঁর নেতৃত্বে সমিতিটি কর্মসংস্থান সৃষ্টি, স্বনির্ভরতা অর্জন, দারিদ্র্য বিমোচন এবং নিত্যপ্রয়োজনীয় পণ্য উৎপাদন ও বিপণনসহ বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে আসছে। পাশাপাশি তিনি স্বনির্ভর ও দারিদ্র্য বিমোচন প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচন প্রকল্পের পরিচালক এবং এসবিসিএল ডায়াগনস্টিক সেন্টারের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি চান্দ্রা ট্রেডিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবং জে এস এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী।

সমবায় খাতে তাঁর অভিজ্ঞতা ও দক্ষতা জাতীয় পর্যায়েও স্বীকৃতি পেয়েছে। তিনি সরকার মনোনীত সমবায় উন্নয়ন তহবিল পরিচালনা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। জাতীয় সমবায় পুরস্কারের জাতীয় বাছাই কমিটির সদস্য এবং বাংলাদেশ সমবায় বাজার কনসোর্টিয়ামের পরিচালনা কমিটির সদস্য হিসেবেও কাজ করেছেন। ২০২৪ সাল থেকে তিনি বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রমেও তাঁর রয়েছে উল্লেখযোগ্য অবদান। বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লাসহ বিভিন্ন প্রতিষ্ঠানে আয়োজিত প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালায় তিনি অংশগ্রহণ করেছেন। সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা, বিনিয়োগ কৌশল, সমবায় প্রশিক্ষণ আধুনিকায়ন এবং সমবায় আন্দোলনকে শক্তিশালী করার বিষয়ে তিনি অভিজ্ঞতা ও পরামর্শ প্রদান করে আসছেন।

আন্তর্জাতিক পর্যায়েও সমবায় কার্যক্রমে তাঁর অংশগ্রহণ রয়েছে। থাইল্যান্ডে অনুষ্ঠিত স্টাডি ট্যুর ও এক্সপোজার প্রোগ্রামেও অংশগ্রহণ, কানাডায় অনুষ্ঠিত ওয়ার্ল্ড ক্রেডিট ইউনিয়ন কনফারেন্স, ইন্দোনেশিয়ায় অ্যাসোসিয়েশন অব এশিয়ান কনফেডারেশন অব ক্রেডিট ইউনিয়নের কার্যক্রম, শ্রীলঙ্কার কলম্বোয় অনুষ্ঠিত ১৭তম আইসিএ-এপি আঞ্চলিক সভা এবং ২০২৬ সালে পানামায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সমবায় জোটের (আইসিএ) গ্লোবাল কনফারেন্স ও জেনারেল অ্যাসেম্বলিতে অংশগ্রহণ করেন।

সমবায় কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডেও সম্পৃক্ত রয়েছেন জসিম উদ্দীন।

জসিম উদ্দীন চাঁদপুর প্রেসক্লাব, চাঁদপুর ডায়াবেটিক সমিতি ও চাঁদপুর রেড ক্রিসেন্ট সোসাইটির আজীবন সদস্য। রোটারি ক্লাব অব চাঁদপুর সেন্ট্রাল এর সদস্য ও চাঁদপুরস্থ ফরিদগঞ্জ ফাউন্ডেশনের সহ-সভাপতি।

সমবায় ও সমাজসেবায় অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় ও স্থানীয় প্রর্যায়ে বহু সম্মাননা স্মারক পেয়েছেন।

তাঁর এ অর্জনে চাঁদপুর ও ফরিদগঞ্জের সমবায়ী, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনের বিভিন্ন মহল অভিনন্দন জানিয়েছেন। তাঁদের প্রত্যাশা, মো. জসিম উদ্দীনের এ অর্জন স্থানীয় ও জাতীয় পর্যায়ে সমবায় আন্দোলনকে আরও গতিশীল করতে ভূমিকা রাখবে।

চাঁদপুর সরকারি জেনারেল

আলম রবিনসহ অন্যান্যরা। এ সময় হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে চিকিৎসাধীন রোগীদের শারীরিক অবস্থার খোঁজখবর নেওয়া হয় এবং তাদের হাতে বিশেষ এই খাবারের প্যাকেট তুলে দেওয়া হয়।

১৭ বছর যারা নির্যাতন

মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে এবং সদস্য সচিব এম এ রহিম পাটওয়ারীর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় ইঞ্জিনিয়ার মমিনুল হক দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "আমরা প্রতিশোধপরায়ণ হইনি, ২৪ আগস্টের পর দেশের মানুষ এর প্রমাণ পেয়েছে। কিন্তু যারা বিগত ১৭ বছর আমাদের নেতাকর্মীদের ওপর বিনা কারণে জুলুম, নির্যাতন, মামলা-হামলা চালিয়েছে, তাদের আস্ফালন এখনো কমেনি। অন্যায়কারীদের আইনের আওতায় এনে বিচার নিশ্চিত করা হবে।"

তিনি পুলিশের উদ্দেশে বলেন, যারা বিগত দিনে নেতাকর্মীদের ওপর জুলুম করেছে, তাদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে। কোনো অবস্থাতেই তাদের ছাড় দেওয়া হবে না। তবে কোনো নিরীহ সাধারণ মানুষ যেন হয়রানির শিকার না হয়, সেদিকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। একই সাথে আইন নিজের হাতে না তুলে নিয়ে অপরাধীদের পুলিশের হাতে সোপর্দ করার জন্য নেতাকর্মীদের নির্দেশ দেন।

ইঞ্জি. মমিনুল হক আরও বলেন, স্বৈরাচার ও দুষ্কৃতিকারীদের পক্ষে কোনো প্রকার শৈথিল্য প্রদর্শন করা হবে না। গত ১৭ বছর যারা নির্যাতন করেছে, তাদের তালিকা তৈরি করে থানায় জমা দেওয়ার জন্য তিনি দলীয় নেতাকর্মীদের নির্দেশ দেন। তিনি বলেন, শেখ হাসিনা আর ফিরে আসবেন না। অর্থপাচার ও লুটপাটের কারণে দেশের যে ক্ষতি হয়েছে, বর্তমান সরকার ভর্তুকি দিয়ে তা কাটিয়ে ওঠার চেষ্টা করছে। আগামীতে দেশের সামগ্রিক পরিস্থিতি ও উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল হবে।

তিনি স্থানীয় রাজনীতি প্রসঙ্গে বলেন, আওয়ামী লীগ ও জামায়াত মিলেমিশে ব্যবসা করার কিছু তথ্য পাওয়া যাচ্ছে। আগামী এক সপ্তাহের মধ্যে এদের একটি তালিকা তৈরি করে তাঁর কাছে জমা দেওয়ার জন্য তিনি নেতাকর্মীদের আহ্বান জানান।

দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়,

সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস আমাদের জাতীয় ইতিহাসের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দিন। এ দিনটি আমরা যথাযোগ্য মর্যাদায় পালন করছি। বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি হচ্ছে জনগণের দল। এ দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। তিনি মহান স্বাধীনতার ঘোষক এবং বাংলাদেশের ইতিহাসে একজন গুরুত্বপূর্ণ রাষ্ট্রনায়ক।

তিনি বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ, দেশপ্রেম ও জাতীয়তাবাদী চেতনা ধারণ করেই বিএনপি এগিয়ে যাচ্ছে। দলের বর্তমান চেয়ারম্যান তারেক রহমান আজ বাংলাদেশের প্রধানমন্ত্রী। তিনি তাঁর যোগ্য নেতৃত্ব ও রাষ্ট্র পরিচালনায় দক্ষতার মাধ্যমে বাংলাদেশসহ আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজের সক্ষমতার পরিচয় দিয়েছেন। দেশ ও জনগণের কল্যাণে বিএনপির প্রতিটি নেতাকর্মীকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, বিএনপির নাম ব্যবহার করে কেউ যদি কোনো ধরনের উচ্ছৃঙ্খল আচরণ, বিশৃঙ্খলা কিংবা সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত হয়, তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়, এমন কোনো কাজ বরদাশত করা হবে না। জনগণের আস্থা ও ভালোবাসা অর্জনের মাধ্যমে রাজনীতি করতে হবে। সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং দলের শৃঙ্খলা বজায় রাখতে হবে।

জেলা বিএনপির সহ-সভাপতি দেওয়ান মো. সফিকুজ্জামানের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. সলিম উল্লাহ সেলিম।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি জসিম উদ্দিন খান বাবুল, মো. খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু ও ডি.এম. শাহজাহান; চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, সাধারণ সম্পাদক অ্যাড. হারুনুর রশীদ; সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, পৌর বিএনপির সহ-সভাপতি আফজাল হোসেন বেপারী, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল কাদির বেপারী, সাংগঠনিক সম্পাদক শরীফ উদ্দিন পলাশ; সদর উপজেলা বিএনপির সহ-সভাপতি অ্যাড. জাকির হোসেন ফয়সাল, যুগ্ম সম্পাদক আক্তার হোসেন সাগর, সাংগঠনিক সম্পাদক অ্যাড. তাফাজ্জল হোসেন, অ্যাড. জসিম মেহেদী, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশ ও সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, জেলা জাসাসের সদস্য সচিব মো. মোবারক শিকদার, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো. মাসুদ মাঝি, সদস্য সচিব শামসুল আরেফিন ও সিনিয়র যুগ্ম আহ্বায়ক শামসুল আলম সূর্য, জেলা ছাত্রদলের আহ্বায়ক এইচ এম ইসমাইল হোসেন পাটওয়ারী ও সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ জেলা, উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

চাঁদপুর জাফরাবাদ হাফিজিয়া

মাদরাসার এন্তেজামিয়া কমিটির সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত এই দ্বীনি মাহফিলে চাঁদপুর ও এর আশপাশের এলাকা থেকে হাজার হাজার ধর্মপ্রাণ মুসলিম অংশ নেন।

অনুষ্ঠানে মাদরাসা পরিচালনা নির্বাহী কমিটির সভাপতি আলহাজ্ব মো. সিরাজ খান, সহ-সভাপতি আলহাজ্ব হারুনুর রশিদ পাটোয়ারী, সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন শাকিল, সদস্য হাজী আব্দুর রব মল্লিক শানু, মো. আরজু খান, হাজী মজিবুর রহমান গাজীসহ মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরিশেষে রাত ৯টায় মুসলিম উম্মাহর শান্তি ও সমৃদ্ধি কামনা করে আখেরী মোনাজাতের মাধ্যমে মাহফিলের সমাপ্তি ঘোষণা করেন ফুলছোঁয়ার পীর সাহেব মুফতী আবু সাঈদ।

৫৫ তম জাতীয় সমবায় দিবস

সমিতির কর্মকর্তা এবং সদস্যরা অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

চাঁদপুর প্রেস ক্লাব বাংলাদেশের

চাঁদপুর প্রেস ক্লাবের তৃতীয় তলাস্থ মিলনায়তনে আয়োজিত সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি বলেন, আজকের এই প্রশিক্ষণটি অত্যন্ত উপকারী একটি আয়োজন। এ ধরনের প্রশিক্ষণের মাধ্যমে সাংবাদিকদের পেশাগত দক্ষতা ও মানোন্নয়ন ঘটে। বর্তমান সামাজিক যোগাযোগমাধ্যমের যুগে সাংবাদিকতার ক্ষেত্রে দায়বদ্ধতা ও জবাবদিহিতা অনেক বেড়েছে। একটি সংবাদ প্রকাশের পরপরই পাঠক ও সাধারণ মানুষের মধ্যে নানা ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি হয়। কোনো সংবাদে মিথ্যা বা ভুল তথ্য পরিবেশিত হলে তাৎক্ষণিকভাবে এর নেতিবাচক প্রতিক্রিয়া দেখা যায়। তাই সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সাংবাদিকদের আরও সতর্ক ও দায়িত্বশীল হতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চাঁদপুর জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. কবির হোসেন সরদার বলেন, "আজকের এই প্রশিক্ষণটি অত্যন্ত সময়োপযোগী। যুগের সঙ্গে তাল মিলিয়ে যুগোপযোগী সাংবাদিকতা চর্চা করতে হবে। পেশাগত জীবনে দক্ষতা ও ক্যারিয়ারের উন্নয়নে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। প্রশিক্ষণের মাধ্যমে নিজেদের দক্ষতা ও পেশাগত মানোন্নয়ন করতে হয়। যারা পেশাদার সাংবাদিকতা করছেন, তাঁদের এ ধরনের প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে পেশাদারিত্ব বজায় রেখে সাংবাদিকতার মানোন্নয়নে ভূমিকা রাখতে হবে। একই সঙ্গে বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল সাংবাদিকতার মাধ্যমে সমাজের উন্নয়নমূলক কর্মকাণ্ডে ইতিবাচক ভূমিকা রাখবেন বলে আমি আশা করি।"

সভাপতির বক্তব্যে চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী বলেন, ১৯৭০ সালে প্রেস ক্লাব প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে নতুন নেতৃত্বের মাধ্যমে প্রতিষ্ঠানটি এগিয়ে চলছে। ইতোমধ্যে চাঁদপুর প্রেস ক্লাব সারা বাংলাদেশে একটি মডেল প্রেস ক্লাব হিসেবে পরিচিতি লাভ করেছে। চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকদের পেশাগত দক্ষতা ও মানোন্নয়নে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। এ প্রশিক্ষণে জেলা সদর ও বিভিন্ন উপজেলার প্রেস ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আগ্রহী প্রত্যেক সাংবাদিকের অংশগ্রহণ নিশ্চিত করেছি।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উর্ধ্বতন সহকারি পরিচালক (জনসংযোগ) মো. আনোয়ার হাবিব কাজল, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জার্নালিজম, মিডিয়া এন্ড কমিউনিকেশন বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল কাবিল খান, বিদেশি বিশেষজ্ঞ অধ্যাপক ড. গ্রেগ সাইমনস।

প্রশিক্ষনের উপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জার্নালিজম, মিডিয়া এন্ড কমিউনিকেশন বিভাগের প্রভাষক মেহরাবুল হক এবং প্রভাষক তানভীর আহমেদ।

শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত করেন চাঁদপুর প্রেস ক্লাবের সদস্য মাওলানা আহম্মদ উল্লাহ। অনুষ্ঠান পরিচালনা করেন চাঁদপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম এ লতিফ।

পরে প্রধান অতিথি সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক এবং বিশেষ অতিথি চাঁদপুর জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. কবির হোসেন সরদারের হাতে ক্রেস্ট তুলে দেন প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ। পরে প্রশিক্ষণার্থীদের হাতে সনদ তুলে দেন প্রধান অতিথি চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক সহ অতিথিবৃন্দ।

কর্মশালায় সমাপনী পর্বে অংশগ্রহণ করেন ও উপস্থিত ছিলেন চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি কাজী শাহাদাত, অধ্যক্ষ জালাল চৌধুরী, বিএম হান্নান, শরীফ চৌধুরী, গিয়াস উদ্দিন মিলন, এ এইচ এম আহসান উল্লাহ, শাহাদাত হোসেন শান্ত, রহিম বাদশা, সাবেক সাধারণ সম্পাদক জি এম শাহীন, মির্জা জাকির, লক্ষ্মণ চন্দ্র সূত্রধর, রিয়াদ ফেরদৌস, আল ইমরান শোভন, প্রথম আলোর জেলা প্রতিনিধি আলম পলাশ, কার্যনির্বাহী পরিষদের সহ সভাপতি শওকত আলী, চাঁদপুর প্রেস ক্লাবের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল রুবেল, যুগ্ম সাধারণ সম্পাদক মোরশেদ আলম, কার্যনির্বাহী সদস্য মো. ইলিয়াছ পাটওয়ারী, সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম রনি, চৌধুরী ইয়াছিন ইকরাম, তালহা জোবায়ের, দৈনিক চাঁদপুর সময়ের ভারপ্রাপ্ত সম্পাদক কাজী মোহাম্মদ ইব্রাহিম জুয়েল, সময় টিভির নিজস্ব প্রতিবেদক ফারুক আহমেদ, একুশে টিভির জেলা প্রতিনিধি মো. নেয়ামত হোসেন, কোষাধ্যক্ষ কে এম সালাউদ্দিন, দপ্তর সম্পাদক মো. শরীফুল ইসলাম, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মুনাওয়ার কানন, আপ্যায়ন ও বিনোদন সম্পাদক সেলিম রেজা, একাত্তর টিভির নিজস্ব প্রতিবেদক মো. আলামিন ভূঁইয়া, ফরিদগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি আবু হেনা কামাল ও সাধারণ সম্পাদক মো. জাহিদুল ইসলাম ভূঁইয়া, শাহরাস্তি প্রেস ক্লাবের সভাপতি মাঈনুল ইসলাম কাজল, হাজীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি কামরুজ্জামান টুটুল, মতলব উত্তর প্রেস ক্লাবের সভাপতি মাহাবুব আলম লাভলু, মতলব দক্ষিণ প্রেস ক্লাবের সিনিয়র যুগ্ম আহ্বায়ক গোলাম সারওয়ার সেলিম, কচুয়া প্রেস ক্লাবের সভাপতি মো. আতাউল করিম ও সাধারণ সম্পাদক মো. এমদাদুল্লাহ, শাহরাস্তি প্রেস ক্লাবের সভাপতি মো. মাসুদ রানা ও সাধারণ সম্পাদক নোমান হোসেন আখন্দ, হাইমচর প্রেস ক্লাবের সভাপতি মো. মহসিন মিয়া ও সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, মতলব উত্তর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন সহ জেলার বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন গণমাধ্যমের সংবাদকর্মীরা।

জাতীয় বিপ্লব ও সংহতি

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ মাসুদুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইকবালুর রহমান, শিক্ষক পরিষদের সম্পাদক ও ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ এনামুল হক। ইংরেজি বিভাগের প্রভাষক মোঃ সাইদুল ইসলাম এর সঞ্চালনায় উক্ত সভায় বক্তব্য রাখেন কলেজ অধ্যক্ষ প্রফেসর মোঃ মাসুদুর রহমান, উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইকবালুর রহমান, শিক্ষক পরিষদের সম্পাদক ও ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ এনামুল হক, ভূগোল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মাসুদ হোসেন, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ আফসার আলী শিকদার, হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ ফিরোজ আলম চৌধুরী, সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ ফয়জুর রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান মোঃ এনামুল হক প্রমুখ।

ঐতিহাসিক বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় ১ম স্থান অর্জন করে হালিমা আক্তার লাবনি, ২য় স্থান অর্জন করে তানজিলা আক্তার ও ৩য় স্থান অর্জন করে ফারহানা আক্তার। আলোচনা শেষে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ মাসুদুর রহমান। অনুষ্ঠানে কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে নদী ভাঙন

হাসানুজ্জামান, মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পের নির্বাহী প্রকৌশলী সেলিম শাহেদ, উপ-বিভাগীয় প্রকৌশলী সালাউদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী মোহাম্মদ আবুল হোসেন খান ও উপ-সহকারী প্রকৌশলী তন্ময়সহ স্থানীয় পানি উন্নয়ন বোর্ডের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com



হারিয়েছে

আমি নিম্নস্বাক্ষরকারী কাকলি জাহান (২৯), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হইতে ২০২০ইং সালে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করি।
আমার নামীয় এইচএসসি পরীক্ষার প্রবেশ পত্র, রেজিষ্ট্রেশন কার্ড ও স্টুডেন্ট আইডিটি হারিয়েছে। আমার স্টুডেন্ট আইডি নং-১৮-০-১১-৬৮৮-০১৬. পাশের সন-২০২০, চাঁদপুর সদর থানায় জিডি নং-৪১৪, তারিখ: ০৭/১১/২০২৬।

-কাকলি জাহান

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

মতলব উত্তরে নিষিদ্ধ

সাংগঠনিক ও উপজেলা যুবলীগের নেতা এবং সাবেক কাউন্সিলর আল আমিনকে আটক করে মতলব উত্তর থানা পুলিশ। একই দিনে উপজেলা ও পৌরসভার বিভিন্ন স্থান থেকে দলটির আরও বেশ কয়েকজন নেতাকর্মীকে আটক করা হয়।

আটকদের মধ্যে রয়েছেন নিষিদ্ধ সংগঠন উপজেলা ছাত্র লীগের সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক নুর নবী খান, আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য দেলোয়ার মল্লিক, পৌর শ্রমিক লীগের সভাপতি সিরাজ সরকার, আওয়ামী লীগ নেতা বারেক ভূইয়া, যুবলীগ নেতা আবু ইউসুফ, শ্রমিক লীগ নেতা গোলাম মোস্তফা, যুবলীগ নেতা নহির উদ্দিন, কামরুল হাসান, রুবেল সরকার, আনোয়ার হোসেনসহ আরও কয়েকজন।

এর আগে শুক্রবার দুপুরে চাঁদপুরে জুলাই গণ-অভ্যুত্থানের স্মৃতি ও শহীদদের স্মরণে নির্মিত '৩৬ জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে' অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এ ঘটনার প্রতিবাদে সন্ধ্যায় জেলার বিভিন্ন উপজেলায় পৃথক প্রতিবাদ মিছিল বের করে জামায়াতে ইসলামী, বিএনপি, যুবদল, ছাত্রদল ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

মতলব উত্তর থানার অফিসার ইনর্চাজ (ওসি) মানস বড়ুয়া বলেন, পুলিশের বিশেষ অভিযান চলছে। অভিযানে ১২জনকে আটক করা হয়েছে। অভিযান শেষ হলে বিস্তারিত জানানো হবে।

চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার নাদিরা নূর জানান, কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের বেশ কয়েকজন নেতাকর্মীকে আটক করা হয়েছে। অভিযান এখনো চলমান রয়েছে। মোট কতজনকে আটক করা হয়েছে, তা পরবর্তী সময়ে জানানো হবে।

ডিসেম্বরে যদি আপা

তাঁর যেসব নেতাকর্মী জুলুমের শিকার হয়েছেন, তাঁরা সংশ্লিষ্ট ব্যক্তিদের নিজেরা শাস্তি না দিয়ে প্রশাসনের কাছে হস্তান্তর করবেন।

তিনি আরও বলেন, আগামী নভেম্বর ও ডিসেম্বর মাসজুড়ে দলের সব পর্যায়ের নেতাকর্মীকে মাঠে থাকতে হবে। সাংগঠনিক কার্যক্রম জোরদার করতে হবে এবং ঐক্যবদ্ধভাবে দায়িত্ব পালন করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাহরাস্তি উপজেলা বিএনপির সভাপতি আয়েত আলী ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি মোজাহের হোসেন, সহসভাপতি শাহ্ মোহাম্মদ আলী ও আবু ইউসুফ পাটোয়ারী রূপন, সাধারণ সম্পাদক সেলিম পাটোয়ারী লিটন, যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন এবং বিএনপি নেতা জাহাঙ্গীর আলম মিন্টু।

এ ছাড়া উপজেলা যুবদলের আহ্বায়ক আলী আজগর মিয়াজী, সদস্যসচিব অ্যাডভোকেট সোহেল মজুমদার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মাসুদ সিকদার, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক এবিএম পলাশসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ফরিদগঞ্জে আ'লীগের

পাইকপাড়া দক্ষিণ ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মো. সেলিম খান (৫৫), একই ইউনিয়নের আওয়ামী লীগ নেতা মো. সুমন খাঁন (৪০), ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়ন ছাত্রলীগ নেতা ইউসুফ সর্দার (৩১), সুবিদপুর পূর্ব ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মো. শাখাওয়াত হোসেন কাকন (৫০), গুপ্টি পূর্ব ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মো. হারিছুজ্জামান (৪১) এবং গোবিন্দপুর দক্ষিণ ইউনিয়ন আওয়ামী লীগ নেতা খায়ের ভূঁইয়া (৫০)।

পুলিশ সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযান চালিয়ে ও নাশকতা ও সন্ত্রাসী কর্মকাণ্ড ঠেকাতে এই সাতজনকে আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে নিয়মিত মামলা দায়ের করে শনিবার সকালে আদালতে সোপর্দ করা হয়েছে।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য),এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইভ ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক),বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহ জানান, বিশেষ অভিযান পরিচালনা করে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামীলীগের ৭ নেতাকর্মীকে গ্রেফতার করে আজ শনিবার দুপুরে আদালতে প্রেরণ করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং যেকোনো ধরনের গোপন নাশকতা ও অপ্রীতিকর ঘটনা ঠেকাতে আমাদের এই বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। অপরাধীদের আইনের আওতায় আনতে পুলিশ সবসময় সতর্ক অবস্থানে রয়েছে।

শাহরাস্তিতে ট্যালেন্ট হান্ট বৃত্তি

নোমান, পরিচালক কামরুল হাসান, সহ-পরিচালক মিরাজ হোসেন, পরীক্ষা নিয়ন্ত্রক মাওলানা সুলতান নূরুদ্দিন, কেন্দ্র সচিব আবু তালেব মিয়াজী, সহকারী কেন্দ্র সচিব মিনহাজুর রহমান এবং সার্বিক তত্ত্বাবধায়ক হাসান আহমেদ।

কচুয়ায় যথাযোগ্য মর্যাদায়

ও সংহতির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। তাঁরা দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

?আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিভিন্ন পরিবেশনার মাধ্যমে দিবসটির তাৎপর্য তুলে ধরা হয়। পাশাপাশি দিবসটি উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের হাতে অতিথিরা পুরস্কার তুলে দেন।

?অনুষ্ঠানে উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ব্যক্তিত্বসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

চাঁদপুরে এনটিভির 'পিএইচপি

ইয়েসকার্ড প্রদান করা হয়। পিএইচপি কুরআনের আলো চাঁদপুর জেলা প্রতিনিধি কারী এইচ এম মাইনুদ্দিন খানের পরিচালনায় অডিশনে প্রধান অতিথি ও বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন ঢাকা দারুল উলূম মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মো. শুয়াইবুর রহমান ফয়সাল। এ সময় বক্তব্য রাখেন পাঁচগাছিয়া আবু আহমাদ দারুল উলূম মাদ্রাসার প্রতিষ্ঠাতা আলহাজ মাজাকাত হারুন মানিক।

আয়োজকরা জানান, পবিত্র কুরআনের সুমধুর তিলাওয়াত ও মেধাবী ক্বারিদের প্রতিভা তুলে ধরার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ চারজনকে যথাক্রমে ৪ লাখ, ৩ লাখ, ২ লাখ ও ১ লাখ টাকা পুরস্কার দেওয়া হবে। এছাড়া জাতীয় পর্যায়ের বিজয়ী ও অংশগ্রহণকারীদের জন্য সর্বমোট ২৫ লাখ টাকার পুরস্কারের ব্যবস্থা রয়েছে।

মতলব দক্ষিণে আ'লীগ ও যুবলীগের

আটককৃতদের বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

মতলব দক্ষিণে প্রশাসনের

হক বাদল, উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও উপজেলা ক্রীড়া সংস্থার এড হক কমিটির সদস্য সচিব এমদাদ হোসেন খান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম সাগর, মুক্তিযোদ্ধা বশির উল্লাহ সরকার।

আলোচনা সভায় বক্তারা ৭ নভেম্বরের ঐতিহাসিক গুরুত্ব এবং জাতীয় জীবনে এ দিনের তাৎপর্য তুলে ধরেন।

এ সময় তারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

আলোচনা সভা শেষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় বিপ্লব ও সাংহতি দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কর্মকর্তা বৃন্দ এবং রাজনৈতিক দলের নেতৃবৃন্দ মুক্তিযোদ্ধা ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জ পাইলট বালিকা

করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেলোয়ার হোসেন। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মুহাম্মদ আকবর হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ৬ নং ওয়ার্ড বিএনপির সভাপতি ইকবাল মোল্লা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের অভিভাবক সদস্য মোঃ নজরুল ইসলাম ও ৬ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক রাসেল মিয়া।

আলোচনা সভায় বক্তারা ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ঐতিহাসিক প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন। একই সঙ্গে নতুন প্রজন্মের কাছে দিবসটির সঠিক ইতিহাস পৌঁছে দেওয়া এবং ইতিহাস চর্চার গুরুত্বের ওপর বিশেষ আলোকপাত করেন।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে জান্নাতুল নাঈম ও শিরিন আক্তার বক্তব্য দেন। এ সময় অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন ৬ নং ওয়ার্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক এস মনির, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক হাসান মিয়াজী, বিএনপি নেতা ইমান হোসেনসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ।

আলোচনা সভা শেষে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিরা পুরস্কার বিতরণ করেন।

শাহরাস্তিতে আওয়ামীলীগের

প্রকার অস্থিতিশীল পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে অভিযান অব্যাহত থাকবে। আটককৃতদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে। শাহরাস্তি থানার ওসি মীর মাহবুবুর রহমান জানান, বিশেষ অভিযানে কর্মকাণ্ড নিষিদ্ধ আওয়ামীলীগের ৬ নেতা কে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে। আটককৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

সাংবাদিক এস এম সোহেলের

পাটওয়ারী, বর্তমান কমিটির সহ-সভাপতি মাজহারুল ইসলাম অনিক, সাবেক কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দিন, সদস্য রায়হান তালুকদার বাবু, ২নং ওয়ার্ড যুবদলের সভাপতি মো. আবুল হোসেন ও সাধারণ সম্পাদক মো. সুমন গাজীসহ বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

এ সময় মরহুমের পরিবারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন তাঁর বড় ছেলে সাংবাদিক এস এম সোহেল, মেজো ছেলে মো. হোসেন ইসলাম, ছোট ছেলে মো. শরীফ তাইনী এবং মেয়ের জামাতা হাবিবুর রহমান বেপারী।

মতলব উত্তরে জোরপূর্বক

যার ফলে তাদের আনুমানিক ৩০ থেকে ৪০ হাজার টাকার ক্ষতি হয়েছে।

এই জমি নিয়ে ইতিপূর্বে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর-এর আদালতে মামলা (নম্বার- ৫৫৩/২০২৩, স্মারক নম্বর- ৭৫২, তারিখ: ১১/০৫/২০২৩ খ্রি.) দায়ের করা হয়। পরবর্তী সময়ে আদালতের নির্দেশ অনুযায়ী তদন্ত সাপেক্ষে বিবাদী সালাউদ্দিন গংয়ের পক্ষে রায় ও প্রতিবেদন আসে।

জমির মালিকানা ও দখল সংক্রান্ত বিবরণে জানা যায়, সিএস ৪১৭ দাগে মোট ২২ শতাংশ জমি রয়েছে। এর মধ্যে বাদী আ. ওহেদ মুন্সী গংরা ১৫৫৯ নম্বর খতিয়ানে ৪ শতাংশ জমির মধ্য থেকে ২ শতাংশ রাস্তার পাশে দখলসূত্রে ভোগদখল করে আসছেন। অন্যদিকে, বিএস ২৭৩৭ খতিয়ানের জমি পরিবর্তিত বা নামজারি হয়ে ৫৫৬১ নম্বর খতিয়ানে রূপ নেয়। পরবর্তীতে শাহিদা গং ওই জমির অংশ সালাউদ্দিন গংয়ের কাছে বিক্রয় করেন, যার মাধ্যমে ৬০১৩ নম্বর খতিয়ানে সালাউদ্দিন গং উক্ত জমির আইনগত বৈধ মালিক হন।

প্রায় ২০ বছর ধরে বাড়ীর মুরব্বীদের ধারা ভাগ করা অংশ ভোগদখল করে আসছিলেন। শাহিদা গং তাদের মধ্যবর্তী দখলকৃত ৭ শতাংশ জমি (৪১৭ দাগের অংশ) সালাউদ্দিন গংয়ের কাছে বিক্রি করেন।

ভুক্তভোগী সালাউদ্দিন গংয়ের স্ত্রী জানান, 'আমার স্বামী ওয়ারিশদের কাছ থেকে এই জমি কিনেছেন। ৪১৭ দাগে রাস্তার পাশের অংশ ওহিদ মুন্সি গং এবং মধ্যখানের অংশ শাহিদা (ওয়ারিশ) গং ভোগদখল করে আসছিলেন। পরবর্তীতে শাহিদা গংদের মধ্যবর্তী দখলকৃত ৭ শতাংশ জমি আমার স্বামী ক্রয় করেন। কিন্তু বিবাদীরা আজ জোরপূর্বক সেই জমির গাছ কেটে নিয়ে যান এবং জায়গা জবরদখল করার চেষ্টা চালান।'

এ বিষয়ে স্থানীয় সচেতন মহলের দাবি, আদালতের আদেশ ও জমির বৈধ কাগজপত্রের প্রতি শ্রদ্ধা রেখে উভয় পক্ষের বিরোধ আইনি ও শান্তিপূর্ণ উপায়ে মীমাংসা করা উচিত। অননুমোদিত জবরদখল ও গাছ কাটার মতো বেআইনি কর্মকাণ্ড বন্ধে প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তভোগী পরিবার।

হাসান আলী সরকারি

মোঃ মাহমুদুল হাসান। এ সময় সভায় বিদ্যালয়ের প্রভাতী ও দিবা শাখার সিনিয়র এবং সহকারী শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ফরিদগঞ্জে দক্ষিণ কাছিয়াড়া

মোঃ ইমাম হোসেন পাটোয়ারী। তরুণ সমাজসেবক মোঃ নাজির আহমেদের সঞ্চালনায় এবং মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ডের সম্ভাব্য কাউন্সিলর প্রার্থী ও বিশিষ্ট সমাজসেবক মোঃ আনোয়ার হোসেন পাঠান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় দৈনিক কালের সমাজ পত্রিকার ফরিদগঞ্জ উপজেলা প্রতিনিধি মোঃ ইয়াছিন হোসেন পালোয়ান, বিশিষ্ট সমাজসেবক মোঃ আলমগীর পাটোয়ারী ও জিয়াউর রহমান জিয়াসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

খেলা শেষে অতিথিরা চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেন। এ সময় ব্যক্তিগত নৈপুণ্যের স্বীকৃতিস্বরূপ ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হন নাফিজ, সর্বোচ্চ গোলদাতার পুরস্কার অর্জন করেন কাজী এবং উদীয়মান খেলোয়াড় হিসেবে পুরস্কৃত হন সিফাত।

আয়োজকরা জানান, এলাকার সর্বস্তরের মানুষের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধি এবং যুবসমাজকে খেলাধুলায় সম্পৃক্ত করার লক্ষ্যেই এ টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। খেলাধুলার মাধ্যমে তরুণদের সুস্থ বিনোদন ও ইতিবাচক কর্মকাণ্ডে উৎসাহিত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

আইনগিরী উচ্চ বিদ্যালয়ে

হোসেন বিএসসি, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কামরুজ্জামান, সহকারী শিক্ষক মাওলানা আব্দুস ছালাম, শিক্ষক শাহাজান, সহকারী শিক্ষিকা শাহনাজ আক্তার, শুভ রানী দে, পূজা রানী দে ও সুবর্ণা রানী দে।

ভারত মহাসাগরে বাড়ছে চীনের আধিপত্য, বহরে ৪০০-এর বেশি রণতরী

দিগন্ত ডেস্ক

চীনের নৌবাহিনী এখন আর শুধু নিজ দেশের উপকূলীয় জলসীমায় সীমাবদ্ধ নেই। দক্ষিণ চীন সাগর থেকে জাপান ও তাইওয়ানের আশপাশের গুরুত্বপূর্ণ নৌ ও বাণিজ্যিক পথে প্রতিদিন প্রায় ১০০টি চীনা যুদ্ধজাহাজ চলাচল করছে বলে ধারণা করা হচ্ছে।

চীনের নৌবাহিনীর ক্রমবর্ধমান উপস্থিতি যুক্তরাষ্ট্রের সামরিক পরিকল্পনাবিদদের বড় উদ্বেগের কারণ হয়ে উঠেছে। জাহাজের সংখ্যায় চীন ইতোমধ্যে যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে গেছে। পাশাপাশি দেশটির নৌবহর যে গতিতে সম্প্রসারিত হচ্ছে, ওয়াশিংটনের পক্ষে সেই গতির সঙ্গে তাল মেলানো কঠিন হয়ে পড়ছে।

দ্য ওয়াল স্ট্রিট জার্নাল পর্যালোচিত যুক্তরাষ্ট্রের সরকারি পরিসংখ্যান অনুযায়ী, চীনের নৌবাহিনীতে বর্তমানে ৪০০টির বেশি যুদ্ধজাহাজ ও সাবমেরিন রয়েছে। জাহাজের সংখ্যার হিসাবে এটি মার্কিন নৌবহরের চেয়ে প্রায় ৩৫ শতাংশ বেশি।

চীনের হাতে বর্তমানে তিনটি বিমানবাহী রণতরি রয়েছে। চতুর্থটি নির্মাণাধীন। পশ্চিমা বিশেষজ্ঞদের ধারণা, নতুন এই রণতরিটি পারমাণবিক শক্তিচালিত হতে পারে। আধুনিক ইতিহাসে শান্তিকালীন সময়ে নৌবাহিনীর অন্যতম বৃহৎ সম্প্রসারণ হিসেবে দেখা হচ্ছে চীনের এই উদ্যোগকে।

এশিয়ার বিভিন্ন জলসীমায় ছড়িয়ে পড়ছে চীনা যুদ্ধজাহাজ

চীনের নৌ তৎপরতা এখন এশিয়ার বিস্তীর্ণ জলসীমাজুড়ে। দেশটির যুদ্ধজাহাজ দক্ষিণ চীন সাগর, তাইওয়ানের আশপাশ, ফিলিপাইনের পূর্বাঞ্চল এবং জাপানের দক্ষিণ উপকূলে চলাচল করছে। এর বাইরেও পশ্চিম প্রশান্ত মহাসাগরে নিয়মিত উপস্থিতি বাড়াচ্ছে তারা। এ ছাড়া এডেন উপসাগরেও নিয়মিত নৌবহর মোতায়েন করছে বেইজিং।

চীনা নৌবাহিনীর গতিবিধি পর্যবেক্ষণকারী নিরাপত্তা কর্মকর্তাদের হিসাবে, যেকোনো সময়ে তাইওয়ানের আশপাশের জলসীমায় চীনের প্রায় ছয়টি যুদ্ধজাহাজ অবস্থান করে। সামরিক মহড়ার সময় এ সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়।

দক্ষিণ চীন সাগরে চীনা যুদ্ধজাহাজের উপস্থিতি এর প্রায় তিন গুণ। এ অঞ্চলের বিভিন্ন দ্বীপ ও জলসীমার মালিকানা নিয়ে ফিলিপাইন ও ভিয়েতনামের সঙ্গে দীর্ঘদিন ধরে বিরোধে জড়িত চীন।

তবে বেইজিংয়ের লক্ষ্য কেবল যুদ্ধজাহাজের সংখ্যা বাড়ানো নয়। নিজেদের উপকূলীয় জলসীমার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা, বিরোধপূর্ণ ভূখণ্ডের দাবিকে শক্তিশালী করা এবং ভবিষ্যতে কোনো সংঘাতের সময় যুক্তরাষ্ট্রের সামরিক হস্তক্ষেপ ঠেকানোও চীনের কৌশলগত পরিকল্পনার অংশ।

ভারতে প্রথম নারী ভিপি হয়ে ইতিহাস গড়লেন মুসলিম তরুণী

দিগন্ত ডেস্ক

আট বছর পর অনুষ্ঠিত আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় (এএমইউ) ছাত্র সংসদ নির্বাচনে ইতিহাস গড়েছেন নাশরা নাঈম। বিশ্ববিদ্যালয়টির শতাধিক বছরের ইতিহাসে প্রথম নারী হিসেবে ছাত্র সংসদের সহসভাপতি (ভিপি) নির্বাচিত হয়েছেন তিনি। উত্তর প্রদেশের গোরখপুরের বাসিন্দা নাশরা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের (এলএলবি) শিক্ষার্থী।

নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন নোমান আশরাফ এবং সাধারণ সম্পাদক (সম্মানসূচক) হয়েছেন মোহাম্মদ হামদান।

প্রথমে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার ইচ্ছা থাকলেও ক্যাম্পাসের বাস্তবতা বিবেচনায় সহসভাপতি পদে লড়ার সিদ্ধান্ত নেন নাশরা। তার বাবা শুরুতে কিছুটা সংশয় প্রকাশ করলেও শেষ পর্যন্ত পরিবার তাকে পূর্ণ সমর্থন দিয়েছে। ২০১৯ সালে ক্যাম্পাসে সহিংসতা, বিশৃঙ্খলা ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ দেখিয়ে ছাত্র সংসদ স্থগিত করেছিল বিশ্ববিদ্যালয় প্রশাসন। সম্প্রতি ছাত্র সংসদ পুনর্বহালের দাবিতে ১৯ দিনের আন্দোলন ও এক শিক্ষার্থীর অনশন কর্মসূচির পর নির্বাচনের পথ খুলে যায়। গত ৫ নভেম্বর অনুষ্ঠিত হয় ভোটগ্রহণ।

নির্বাচনি প্রচারে শিক্ষাক্রম আধুনিকায়ন এবং শিক্ষার্থীদের মতবিনিময় ও সাংস্কৃতিক চর্চার জন্য উন্মুক্ত পরিসর বাড়ানোর ওপর গুরুত্ব দেন নাশরা। তার মতে, শিক্ষার্থীদের রাজনৈতিকভাবে সচেতন থাকা জরুরি। কারণ, রাষ্ট্র ও প্রশাসনের বিভিন্ন সিদ্ধান্ত এবং বিধিনিষেধের প্রভাব বুঝতে রাজনৈতিক সচেতনতার বিকল্প নেই।

ক্যাম্পাসে ছাত্ররাজনীতি ও নির্বাচনি পরিবেশ পুনরুজ্জীবিত হলে ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে উঠবে বলে আশা প্রকাশ করেন তিনি। তার মতে, দীর্ঘদিন ধরে আলিগড় বিশ্ববিদ্যালয়ে বুদ্ধিবৃত্তিক নেতৃত্বের ঘাটতি রয়েছে। ছাত্র সংসদের পুনরুজ্জীবন সেই শূন্যতা পূরণে ভূমিকা রাখতে পারে।

মদিনায় ভারী বৃষ্টিতে আকস্মিক বন্যার আশঙ্কা

দিগন্ত ডেস্ক

সৌদি আরবের বিভিন্ন অঞ্চলে শনিবার মাঝারি থেকে বজ্রসহ ভারী বৃষ্টিপাত, আকস্মিক বন্যা, শিলাবৃষ্টি ও ঝোড়ো হাওয়ার পূর্বাভাস দিয়েছে দেশটির জাতীয় আবহাওয়া কেন্দ্র (এনসিএম)। এ পরিস্থিতিতে বাসিন্দা ও পর্যটকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছে কর্তৃপক্ষ।

পূর্বাভাস অনুযায়ী, মক্কা, মদিনা, হাইল, কাসিম, নর্দার্ন বর্ডারস, জাজান, আসির ও আল-বাহাসহ বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টিপাত হতে পারে। কোথাও কোথাও ধুলিঝড়ের কারণে দৃষ্টিসীমা প্রায় শূন্যে নেমে আসার আশঙ্কাও রয়েছে।

মদিনায় বিশেষ সতর্কতা

মদিনা অঞ্চলে শনিবার সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে এনসিএম। এর সঙ্গে প্রবল বাতাস, শিলাবৃষ্টি, বজ্রপাত ও আকস্মিক বন্যার আশঙ্কা রয়েছে।

সম্ভাব্য পরিস্থিতি মোকাবিলায় সৌদি রেড ক্রিসেন্ট কর্তৃপক্ষ (এসআরসিএ) মদিনায় ৭০টি অ্যাম্বুলেন্স দল ও সহায়তাকারী যানবাহন প্রস্তুত রেখেছে। মসজিদে নববী ও কেন্দ্রীয় এলাকার স্বেচ্ছাসেবী অ্যাম্বুলেন্স দলকেও প্রস্তুত রাখা হয়েছে।

কর্তৃপক্ষ বৃষ্টির সময় উপত্যকা, পানিপ্রবাহের পথ ও জলাবদ্ধ এলাকায় না যাওয়ার এবং প্রবাহিত পানির মধ্য দিয়ে রাস্তা পারাপার না হওয়ার আহ্বান জানিয়েছে। জরুরি চিকিৎসাসেবার জন্য ৯৯৭ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে।

সোমবার-মঙ্গলবার বাড়তে পারে বৃষ্টির তীব্রতা

এনসিএমের মুখপাত্র হুসেইন আল-কাহতানি জানিয়েছেন, সোমবার ও মঙ্গলবার দেশের বিস্তীর্ণ এলাকায় বৃষ্টিপাতের তীব্রতা বাড়তে পারে। শনিবার জেদ্দা ও রাবিগেও মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আবহাওয়া কেন্দ্র জানিয়েছে, অক্টোবর থেকে ডিসেম্বর সৌদি আরবে তুলনামূলক বৃষ্টিপ্রবণ সময়। বিশেষ করে নভেম্বরে দেশটির পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পার্বত্য এলাকায় বৃষ্টিপাত বাড়ে।

তবে ভারী বর্ষণে শুষ্ক উপত্যকা ও নিচু এলাকায় আকস্মিক পানির ঢল তৈরি হয়ে প্রাণহানির ঝুঁকি বাড়তে পারে। এ কারণে আবহাওয়ার সর্বশেষ সতর্কবার্তা অনুসরণ এবং বন্যাপ্রবণ এলাকা এড়িয়ে চলতে বাসিন্দা ও পর্যটকদের প্রতি আহ্বান জানিয়েছে সৌদি কর্তৃপক্ষ।

সৌদিতে সড়ক দুর্ঘটনায় ৭ বাংলাদেশি নিহত

দিগন্ত ডেস্ক

সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় নারী-শিশুসহ ৭ বাংলাদেশি নিহত হয়েছেন। শনিবার মদিনা থেকে জেদ্দা যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলেই নিহত হন তারা। তাদের মধ্যে নারী ও শিশুও রয়েছে বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, নিহত সাত বাংলাদেশি একটি গাড়িতে করে মদিনা থেকে জেদ্দায় যাচ্ছিলেন। পথে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার শিকার হলে তাদের সবার মৃত্যু হয়। তবে দুর্ঘটনার কারণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি। খবর পেয়ে স্থানীয় পুলিশ ও উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে হাসপাতালের মর্গে পাঠায়। নিহতদের নাম-পরিচয় শনাক্তের কাজ চলছে।

এদিকে নিহতদের পরিচয় ও দুর্ঘটনার বিস্তারিত জানতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করছে জেদ্দায় অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ দেশে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে বলে জানিয়েছে কনস্যুলেট সূত্র। একসঙ্গে সাত বাংলাদেশির মৃত্যুতে প্রবাসী কমিউনিটি ও নিহতদের পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

জাতি বড় হতাশায়, আল্লাহর দ্বীনের ভিত্তিতেই স্বস্তি ফেরানো সম্ভব- বিরোধীদলীয় নেতা

দিগন্ত ডেস্ক

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, এ জাতি বড় হতাশার মধ্যে পড়ে গেছে, দুশ্চিন্তা ও আতঙ্কের মধ্যে আছে। কোথাও শান্তি নাই, কোথাও সম্মান নাই, কোথাও স্বস্তি নাই। সেই শান্তি, সম্মান এবং স্বস্তি আল্লাহর দ্বীনের ভিত্তিতেই কেবল ফিরিয়ে আনা সম্ভব। এজন্য চিকিৎসকসহ সবাইকে কঠিন শপথ নেওয়ার আহ্বান জানান তিনি।

শনিবার রাজধানীর পূর্বাচলের সি শেল রিসোর্টে ন্যাশনাল ডক্টরস ফোরাম (এনডিএফ) ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে 'কিডস ফেস্টিভ্যাল ও ফ্যামিলি গেট টুগেদার সিজন ২' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

জামায়াত আমির আরও বলেন, চিকিৎসকদের পেশাগত দায়িত্বের পাশাপাশি পরিবার ও সন্তানদের সময় দেওয়া জরুরি। এ ধরনের আয়োজন পারিবারিক বন্ধন ও সামাজিক সম্প্রীতি জোরদার করে। তিনি চিকিৎসকদের নৈতিক সীমারেখা মেনে চলার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল এমপি ও এনডিএফ সভাপতি অধ্যাপক ডা. নজরুল ইসলাম।

প্রধান আলোচক ছিলেন বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ মুফতি আলী হাসান উসামা। এ ছাড়া আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মোহাম্মদ কামাল হোসেন এমপি, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য সৈয়দ জয়নুল আবেদীন এমপি, ডাকসু ভিপি সাদিক কায়েম এবং জিএস এসএম ফরহাদ।

এনডিএফ ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি ডা. মোহাম্মদ মারুফ শাহরিয়ারের সভাপতিত্বে এবং সেক্রেটারি ডা. নুর উদ্দীন তালুকদারের পরিচালনায় দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে কিডস ফেস্টিভ্যাল ও ফ্যামিলি গেট টুগেদারে শিশুদের বিভিন্ন রাইডস ও কিডস জোন, খেলাধুলা, পিঠা উৎসব, নাটিকা, সংগীত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ন্যাশনাল ডক্টরস ফোরামের সদস্য ও তাদের পরিবার অংশগ্রহণ করেন।

বিশেষ অতিথি নূরুল ইসলাম বুলবুল বলেন, চিকিৎসকদের পারিবারিক ও সামাজিক বন্ধন সুদৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ডাকসুর ভিপি সাদিক কায়েম বলেন, শিশুদের মেধা, মনন ও সৃজনশীলতা বিকাশে আনন্দময় পরিবেশ তৈরি করা প্রয়োজন।

অধ্যাপক ডা. নজরুল ইসলাম বলেন, কর্মব্যস্ত চিকিৎসকদের মানসিক প্রশান্তি ও পারিবারিক সময় কাটানোর জন্য এ ধরনের আয়োজন অত্যন্ত ইতিবাচক।

প্রধান আলোচক মুফতি আলী হাসান উসামা বলেন, আদর্শ সমাজ গঠনে আদর্শ পরিবারের বিকল্প নেই। শিশুদের নৈতিক ও মানবিক মূল্যবোধে গড়ে তুলতে অভিভাবকদের সচেতন হতে হবে।

সভাপতির বক্তব্যে ডা. মারুফ শাহরিয়ার বলেন, চিকিৎসক ও তাঁদের পরিবারের মধ্যে সৌহার্দ্য, সম্প্রীতি ও পারস্পরিক সম্পর্ক জোরদার করাই এ আয়োজনের মূল উদ্দেশ্য। ভবিষ্যতেও এ ধরনের আয়োজন অব্যাহত থাকবে।

বুয়েটে ভর্তি পরীক্ষা ১৬ জানুয়ারি আবেদন শুরু ২১ নভেম্বর থেকে

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ২০২৬-২৭ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন আগামী ২১ নভেম্বর থেকে শুরু হবে।

আগের বিজ্ঞপ্তি অনুযায়ী, ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ জানুয়ারি। আগের বিজ্ঞপ্তি অনুযায়ী, ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ জানুয়ারি। শনিবার এসব তথ্য দিয়েছেন বুয়েট ভর্তি পরীক্ষা কমিটির প্রধান ও তড়িৎ প্রকৌশল বিভাগের শিক্ষক অধ্যাপক কামরুল হাসান। তিনি বলেন, "আমরা ১৬ জানুয়ারি ভর্তি পরীক্ষার নেয়ার জন্য সেই প্রস্তুতি নিয়ে আগাচ্ছি।"

এদিকে এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলের পর এক বা দুই বিষয়ে অকৃতকার্যদের পুনঃপরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ২ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে পরীক্ষা নিয়ে ফল প্রকাশ করবে বলে জানিয়েছে তারা। সেই শিক্ষার্থীদের কথা বিবেচনা করে গত ৪ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয় এক সভার আয়োজন করে। সেখানে ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সহ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের প্রধানরা উপস্থিত ছিলেন। তবে সেই সভার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা যথাসময়ে নেওয়ার কথা জানিয়েছেন।

ফলে এক বা দুই বিষয়ে অকৃতকার্য হওয়ার প্রায় ৪ লাখ ২০ হাজার শিক্ষার্থীদের মধ্যে কেউ পাশ করলেও বুয়েট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া, এইসএসসি ও সমমান পরীক্ষার ফলে যে বিপর্যয় দেখা গেছে, সেটার প্রভাবও জিপিএ প্রাপ্তির হারে পড়েছে। এবার সবমিলিয়ে জিপিএ-৫ পেয়েছে মাত্র ৪০ হাজার শিক্ষার্থী। তার মধ্যে বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতিতে মাত্র ২৬ হাজার ৭০২জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

যেহেতু বুয়েট ভর্তি পরীক্ষার আবেদন যোগ্যতা বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ-৫ সহ পদার্থবিজ্ঞান, রসায়ন ও উচ্চতর গণিত প্রতিটি বিষয়ে আলাদাভাবে গ্রেড পয়েন্ট 'এ প্লাস' থাকতে হবে, সেক্ষেত্রে এবার আবেদন সংখ্যা কমে যাবে।

তারপরও শিক্ষার্থীদের ভর্তি আবেদন যোগ্যতা গতবছরের মত স্থির রাখার বিষয়ে অনড় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ভর্তি কমিটির প্রধান অধ্যাপক কামরুল হাসান বলেন, "আমরা পরীক্ষা নিব মাত্র ১০ হাজার শিক্ষার্থীর। সেখানে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা তার দ্বিগুণ। ১০ হাজারের বেশি আবেদন পড়লে সেখান থেকে অনেকে বাদ পড়বে। তাই, আমাদের ভর্তি আবেদন যোগ্যতা শিতিল করার কোন প্রয়োজন নেই"। "আর আমাদের ভর্তি পরীক্ষা নেয়ার জায়গা সীমিত। আমরা ১০ হাজারের বেশি শিক্ষার্থীদের পরীক্ষা নিতে পারি না"।

ভর্তি আবেদনের সময়সীমা কবে নাগাদ শেষ হবে সে বিষয়ে বিজ্ঞপ্তিতে জানানো হবে বলে জানিয়েছেন তিনি।